

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাণিসম্পদ দপ্তর  
পিরোজপুর।  
[www.pirojpur.gov.bd](http://www.pirojpur.gov.bd)

স্মারক নং ৩৩.০১.৭৯০০.০০০০.২০.০২০.২০.৮৫০

তারিখঃ ৩১/০৮/২০২০ খ্রিঃ

বিষয় : চলতি ২০২০-২১ অর্থ বৎসরের কোড নং-১৪৪০৪০৪-এ উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় সমূহের বিভিন্ন উপকোডে বাজেট বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্র : মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর নং- ৩৩.০১.০০০০.১০২.২০.০০২.১৮.৫৮৬ তারিখঃ ২৫/০৮/২০২০খ্রিঃ তারিখে বাজেট বরাদ্দ মোতাবেক।

এতদসংগে সংযুক্ত বিবরণীতে বর্ণিত দপ্তর সমূহে চলতি ২০২০-২১ অর্থ বৎসরের কোড নং- ১৪৪০৪০৪-এ উপজেলা প্রাণিসম্পদ কার্যালয় সমূহের বিভিন্ন উপকোডে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাজেট বরাদ্দ প্রদান করা হল।

- (ক) প্রতি মাসের খরচের ও আয়ের হিসাব পরবর্তী মাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরে দাখিল করিতে হইবে এবং ১০ (দশ) তারিখের মধ্যে হিসাব রক্ষণ দপ্তর কর্তৃক রিকনসিলেশন করে তার কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরে প্রেরণ করিতে হইবে।
- (খ) এ অর্থ ব্যয়ে সরকারি সকল আর্থিক বিধি-বিধান যথাযথ ভাবে অনুসরণ করিতে হবে। আর্থিক বিধির কোন ব্যত্যয় ঘটলে বা কোন অনিয়ম পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী থাকিবেন।
- (গ) যদি কোন ক্ষেত্রে প্রয়োজনের অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদান করা হয়ে থাকে তবে বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে অত্র দপ্তরকে জানিয়ে দিতে হবে এবং কোনো ভাবেই বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত খরচ করা যাবে না।
- (ঘ) করোনা মহামারীর কারণে সকল প্রকার ব্যয়ে সর্বোচ্চ কৃচ্ছতা সাধন করিতে হবে।
- (ঙ) ইউটিলিটি বিল সমূহ পৌরকর, ভূমিকর, বিদ্যুৎ, টেলিফোন, পানি, গ্যাস ও জ্বালানী) সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে সমুদয় বকেয়াসহ পরিশোধ করিতে হবে। কোন অবস্থাতেই বকেয়া রাখা যাবে না। বিল পাওয়া না গেলে ব্যক্তিগত উদ্যোগে বিল সংগ্রহ পূর্বক পরিশোধ করিতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে একটি বকেয়া নাই মর্মে প্রত্যয়ন সংগ্রহ করতঃ অধিদপ্তরে প্রেরণ করিতে হবে। ইউটিলিটি বিল বকেয়া থাকলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকিবেন।
- (চ) শ্রান্তিবিনোদন ভাতা উপখাতে ছুটি প্রাপ্যতার তালিকা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে (যাদের আগে প্রাপ্য তাদের আগে দিতে হবে) বরাদ্দ বিভাজন করিতে হবে।
- (ছ) ৩২১১১১০-আইন সংক্রান্ত ব্যয় উপকোডের বরাদ্দ হতে জমি সংক্রান্ত মামলা এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য ব্যয় করিতে হবে।
- (জ) অর্থ মন্ত্রণালয়ের ১৯/০৭/২০২০ খ্রিঃ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০২.২০২০.০৯ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক (I) শুধুমাত্র জরুরী ও অপরিহার্য ক্ষেত্রে বিবেচনায় ৩২৪৪১০১-ভ্রমণ ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যাবে। (II) সরকারি ভ্রমণের ব্যয় নির্বাহের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ স্থগিত থাকবে এবং (III) সকল প্রকার রুটিন ভ্রমণ পরিহার করিতে হবে।
- (ঝ) চলতি ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দ হতে বকেয়া বেতন-ভাতা উত্তোলন করিতে হলে অধিদপ্তরের অনুমতি নিতে হবে।
- (ঞ) অব্যয়িত/সমর্পন যোগ্য অর্থ ৩১শে মে, ২০২১ইং তারিখের মধ্যে সমর্পন করিতে হবে।



(মোঃ আমজাদ হোসেন ভূঞা)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

পিরোজপুর।

ফোন নম্বরঃ ০৪৬১-৬২৩৬১

ই-মেইলঃ [dlopiroipur2@gmail.com](mailto:dlopiroipur2@gmail.com)

তারিখঃ ৩১/০৮/২০২০ খ্রিঃ

স্মারক নং ৩৩.০১.৭৯০০.০০০০.২০.০২০.২০.৮৫০(১৭)

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (সদয় অবগতির জন্য)
- ২। উপ পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল। (সদয় অবগতির জন্য)
- ৩-৯। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ....., পিরোজপুর।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পিরোজপুর।
- ১১-১৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ....., পিরোজপুর।
- ১৭। দপ্তর কপি।



(মোঃ আমজাদ হোসেন ভূঞা)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

পিরোজপুর।

ফোন নম্বরঃ ০৪৬১-৬২৩৬১

ই-মেইলঃ [dlopiroipur2@gmail.com](mailto:dlopiroipur2@gmail.com)